কানাইঘাট পৌরসভা নির্বাচন: নারী ভোটারের উপস্থিতি চোখে পড়ার মতো

কানাইঘাট প্রতিনিধি:: উৎসবমুখর পরিবেশে কানাইঘাট পৌরসভায় শান্তিপূর্ণ ভাবে ভোটগ্রহণ চলছে।

৯ টি ভোট কেন্দ্রে সকাল ৮ টায় ভোট গ্রহণ শুরু হয়েছে। বেশ কয়েকটি

কেন্দ্র ঘুরে দেখা গেছে সকালে কেন্দ্রগুলোতে ভোটার উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। পুরুষ ভোটারের চেয়ে নারী ভোটারের দীর্ঘ লাইন।

কানাইঘাট পৌরসভার নির্বাচনে মেয়র পদে ৬ জন ও ৯টি ওয়ার্ডে কাউন্সিলর পদে ৩৯ জন এবং সংরক্ষিত ৩ টি ওয়ার্ড থেকে ৯ জন মহিলা প্রার্থী প্রতিদ্বন্ধিতা করছেন।

উপজেলা নির্বাচন অফিস সূত্রে জানা গেছে, কানাইঘাট পৌরসভায় মোট ভোটারের সংখ্যা হচ্ছে ১৯ হাজার ৪২৭জন। তার মধ্যে পুরুষ ভোটার হচ্ছেন ৯ হাজার ৮৮০ এবং মহিলা ভোটার হচ্ছেন ৯ হাজার ৫৪৭ জন।

মেয়র পদে আওয়ামী লীগ সমর্থিত প্রার্থী উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাবেক মেয়র লুৎফুর রহমান (নৌকা), বিএনপি মনোনীত প্রার্থী পৌরসভার ২নং ওয়ার্ডের বর্তমান কাউন্সিলর শরীফুল হক (ধানের শীষ), স্বতন্ত্র প্রার্থী বর্তমান মেয়র উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন (নারিকেল গাছ), অপর দুই স্বতন্ত্র প্রার্থী ব্যবসায়ী সোহেল আমিন (জগ), কুয়েত প্রবাসী জামায়াত ঘরনার প্রার্থী কাওছার আহমদ (মোবাইল ফোন) ও ইসলামী আন্দোলনের প্রার্থী হাফিজ নজির আহমদ (হাতপাখা) নিয়ে লড়ছেন।